‘প্রধানমন্ত্রী কেপিএম বাঁচান আমাদের বাঁচান’ কাপ্তাই মানববন্ধনে সর্বস্তরের জনগণ

কাপ্তাই প্রতিনিধিঃ

প্রধানমন্ত্রী পেপার মিলস বাঁচান, শ্রমিক/কর্মচারীদের বাঁচান, আপনি ছাড়া এশিয়া বৃহৎ কাগজ কলটিকে কেউ বাঁচাতে পাড়বে না। এ আকুতি শ্লোগান, ব্যানার, প্লেকার্ড নিয়ে বুধবার সকাল ১০টায় কাপ্তাই বড়ইছড়ি সদর এলাকায় কাপ্তাই-চট্রগ্রাম প্রধান সড়কে কর্ণফুলী পেপার মিলস(কেপিএম)লি’র সকল শ্রমিক/কর্মচারী, কর্মকর্তা, স্কুল, কলেজ শিক্ষাথীরা ও সর্বস্তরের জনগণ মানববন্ধনে অংশ গ্রহণ করে।

কর্ণফুলী পেপার মিলস’র অব্যবস্থাপনা, অনিয়ম, দুর্নীতি, গাফিলতির কারণে লাভ জনক মিলটি বন্ধ হতে চলেছে। শ্রমিক/কর্মচারীদের তিনমাস যাবত বেতন, ভাতাসহ সব কিছু বন্ধ রয়েছে। অবসর জনিত কারণে শ্রমিকরা আজ কোনো ধরনের টাকা-পয়সা না পেয়ে মানবেতর জীবন যাপন করছে। অব্যবস্থাপনার কারণে কেপিএমের কোটি, কোটি টাকার সম্পত্তি আজ বেহাত হতে চলেছে বলেও মানববন্ধন থেকে অভিযোগ করা হয়। বিগত বছরে মিলের উৎপাদন ছিল ৭০-৮০টন বর্তমানে তা নেমে এসে উৎপাদন হচ্ছে ১৮-২০টন।

মানববন্ধনে বক্তব্য রাখেন রাঙ্গামাটি পার্বত্য জেলা আ’লীগের সভাপতি ও সাবেক পার্বত্য প্রতিমন্ত্রী দীপংকর তালুকদার। তিনি বলেন, বর্তমান সরকার মিল, কলকারখানা বন্ধের পক্ষে নয়, চালুর পক্ষে, রাঙ্গামাটি ট্রেক্সটাইল মিল তিনবার বিএনপি সরকারের আমলে বন্ধ করা হয়েছিল। আ’লীগ ক্ষমতায় এসে তা চালু করেছে। কেপিএমও বন্ধ হবে না। আমরা বন্ধের পক্ষে নয়। মিলকে আমরা চালু রাখতে চাই। এবং

এর উৎপাদন বৃদ্ধি দেখতে চাই। সকল ষড়যন্ত্রের তদন্ত করে এর ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান তিনি।

তিনি আরও বলেন, ১৫জানুয়ারী বিসিআইসির বোর্ড মিটিং আছে। প্রধানমন্ত্রী ও শিল্পমন্ত্রীকে এব্যাপারে অবগত করব বলেও শ্রমিক/কর্মচারীদের আশ্বস্ত করেন।

মানববন্ধনে অন্যন্যাদের মধ্যে বক্তব্য রাখেন শ্রমিক নেতা মো. ইউনুস আলী, কাজী মাকসুদুর রহমান মুক্তার, তৌহিদ আলমাহামুদ চৌধুরী, ইউপি চেয়ারম্যান আনোয়ারুল ইসলাম চৌধুরী বেবী, রাঙ্গামাটি জেলা আ’লীগ সাংগঠনিক সম্পাদক মফিজুল হক, মো. হানিফ, কাপ্তাই উপজেলা আ’লীগ সভাপতি অংসুইছাইন চৌধুরী, সম্পাদক ও জেলা পরিষদ সদস্য থোয়াইচিং মং মামরমা।